তারিখ 09 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

# প্যানেলভুক্ত প্রার্থীদের থেকে আরেক দফায় শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত

**স্টাফ রিপোর্টার ।** জাতীয়করণ হওয়া বেসরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্যানেলভুক্ত প্রার্থীদের মধ্য থেকে আরেক দফায় শিক্ষক নিয়োগ দেয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদফতর। প্যানেলভুক্ত সকল শিক্ষকের নিয়োগের দাবিতে চলা আন্দোলনের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদফতর বৃহস্পতিবার এ বিষয়ে আদেশ জারি করে।

নতুন তালিকায় পুরনো সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে যত বেশি শিক্ষক জাতীয়করণ হওয়া বিদ্যালয়ে বদলি হয়ে এসেছেন, শুধু সেই সংখ্যক পদে প্যানেল থেকে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ দেয়া হবে। উদাহরণ হিসেবে বলা যায়, যদি কোন উপজেলায় পুরনো সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে জাতীয়করণ হওয়া বিদ্যালয়ে বদলি হয়ে এসেছেন পাঁচজন এবং জাতীয়করণ হওয়া বিদ্যালয় থেকে পুরনো সরকারী বিদ্যালয়ে বদলি হয়ে এসেছেন তিনজন। সে ক্ষেত্রে ওই উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দুটি পদে প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ দেয়া যাবে। এ নিয়ম মেনে আগামী ২৯ সেপ্টেম্বরের মধ্যে নিয়োগ ও পদায়ন করতে ৬১ জন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে চিঠি দিয়েছে অধিদফতর। আদেশে আরও বলা হয়, জাতীয়করণ হওয়া বিদ্যালয়ে পদ শূন্য হলে ওইসব শূন্য পদে নিয়োগ কার্যক্রমও অব্যাহত থাকবে।